

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.০৯১.২০১৫-২৩৮৬

তারিখ : ২৩ নভেম্বর ২০১৬

বিষয় : রাজশাহী জেলার বাগমারা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ হতে পুকুরের প্রটেকশন ওয়াল নির্মাণ ও সীমানা প্রাচীর পুনঃনির্মাণ।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগমারা, রাজশাহী এর স্মারক নং ০৫.৪৩.৮১১২.০০০.০৬.০২৩. ১৬-৭১৬; তারিখ: ০৬ অক্টোবর ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, (ক) স্থানীয় সরকার বিভাগের ২১ আগস্ট ২০১৬ তারিখের ১৩১৪ নং স্মারকের পত্র (সংলগ্নীসহ) এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে সীমানা প্রাচীর পুনঃনির্মাণের লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য তাকে অনুরোধ করা যেতে পারে:

- (১) কতটুকু সীমানা প্রাচীর বিদ্যমান রয়েছে এবং তা কত বছর পূর্বে নির্মাণ করা হয়েছে;
- (২) বর্তমানে কতটুকু সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে;
- (৩) সম্পূর্ণ সীমানা প্রাচীরের স্কেচ ম্যাপ; এবং
- (৪) রাজস্ব তহবিলের হালনাগাদ স্থিতি (ব্যাংক বিবরণীসহ)।

(খ) বাগমারা উপজেলা পরিষদের পুকুরের প্রটেকশন ওয়াল নির্মাণের প্রস্তাবটি বিবেচনার পূর্বে নিম্নোক্ত তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা যেতে পারে;

- (১) পুকুরের প্রটেকশন ওয়াল নির্মাণের লক্ষ্যে রাজস্ব তহবিলে পর্যাপ্ত অর্থ জমা রয়েছে কিনা;
- (২) ৪৮,০৯,৬০০/- (আটচল্লিশ লক্ষ নয় হাজার ছয়শত) টাকা ব্যয়ে বর্ণিত প্রকল্পটি বাস্তবায়ন করা হলে উন্নয়নমূলক ও জনগুরুত্বপূর্ণ কাজ ব্যাহত হবে কিনা এবং উক্ত প্রকল্পটি বাস্তবায়নের যৌক্তিক কারণ উল্লেখ;
- (৩) সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডির মতামতসহ কারিগরি প্রতিবেদন প্রেরণ;
- (৪) রাজস্ব তহবিলের স্থিতি (ব্যাংক বিবরণীসহ);
- (৫) স্কেচ ম্যাপ প্রেরণ।

J. Min

২৩/১১/২০১৬

(ড. জুলিয়া মর্সিন)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা, রাজশাহী।

অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, রাজশাহী।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।